

ফতওয়া নং ৩২২

প্রশ্ন:

হযরত, রোজা অবস্থায় দুপুরে স্ত্রীকে জড়িয়ে ধরে থাকা যাবে এবং চুম্বন করা যাবে ?

উত্তর:

শুক্রে পতন অথবা সঙ্গমের ব্যাপারে নিজের উপর নিয়ন্ত্রণ থাকবে না-এরূপ মনে হওয়া সত্ত্বেও রোজা অবস্থায় স্ত্রীকে চুম্বন করা ও আলিঙ্গন করা মাকরুহ। নিজের উপর নিয়ন্ত্রণের আস্থা থাকলে ক্ষতি নেই, তবে যুবকদের এহেন অবস্থা থেকে দূরে থাকাই শ্রেয়। আর রোজা অবস্থায় স্ত্রীর ঠোট মুখে নেয়া সর্বাবস্থায় মাকরুহ। (ফাতওয়া দারুল উলুম ৬/৪০৭,৪১২,আলমগীরী ১/২০০)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৭ রমাযান, ১৪৪৫ হিজরী (27/03/2024)